

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৭৪(আগরতলা, ১২।০৩)

খোয়াই, ১২ মার্চ, ২০১৮।

খোয়াই জেলায় দ্বিতীয়  
পর্যায়ে পোলিও ডোজ

সারা রাজ্যের সাথে গতকাল খোয়াই জেলাতেও দ্বিতীয় পর্যায়ে শূন্য থেকে পাঁচ বছরের শিশুদের পালস্ পোলিও ডোজ খাওয়ানো হয়েছে। খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: পি কে মজুমদার জানান, খোয়াই জেলার মোট ৩৭০টি পোলিও বুথের মাধ্যমে ০-৫ বছরের ৩৬ হাজার ৭৩০ জন শিশুকে পোলিও খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। এর মধ্যে ২২ হাজার ৬৮৮ জন শিশুকে পোলিও ডোজ খাওয়ানো হয়েছে। জেলার তেলিয়ামুড়া মহকুমায় ১৮৬ টি ও খোয়াই মহকুমায় ১৮৪টি পোলিও বুথ খোলা হয়েছিল।

\*\*\*\*\*